

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

### দশম শ্রেণি

#### বাংলা (প্রথম ভাষা)

#### ১. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

১.১ ‘জগদীশবাবু যে কী কাণ্ড করেছেন, শোনে ননি হরিদা?’

জগদীশবাবু কে? কাণ্ডটি কী?

১ + ২

১.২ ‘খুবই গরিব মানুষ হরিদা।’

হরিদার পরিচয় দাও। তাঁর দারিদ্র্যের ছবি ‘বহুবুপী’ গল্পে কীভাবে প্রতিভাসিত হয়েছে?

১ + ২

১.৩ ‘কি হেতু, মাতঃ, গতি তব আজি

এ ভবনে?’

— বক্তা কাকে ‘মাতঃ’ সম্বোধন করেছেন? তিনি এই প্রশ্নের কী উত্তর দিয়েছেন?

১ + ২

১.৪ ‘এ মায়া, পিতঃ, বুঝিতে না পারি!’

বক্তা কে? কোন্ মায়া তার বোধের অগম্য?

১ + ২

১.৫ ‘...ভদ্রতার অযোগ্য তোমরা!’

— কার প্রতি এরূপ মন্তব্য? বক্তা কোন্ পরিস্থিতিতে মন্তব্যটি করেছেন?

১ + ২

১.৬ ‘মনে হয়, ওর নিশ্বাসে বিষ, ওর দৃষ্টিতে আগুন, ওর অঙ্গ-সঞ্চালনে ভূমিকম্প।’

— উদ্ভূতিটির আলোকে ঘসেটি বেগমের চরিত্রবৈশিষ্ট্য আলোচনা করো।

৩

১.৭ ‘আলো তার ভরবে এবার ঘর!’

— কোন্ আলোয় ঘর ভরে উঠবে?

৩

১.৮ ‘...আসছে ভয়ংকর।’

— ভয়ংকরের আগমন-পরিস্থিতিটি ‘প্রলয়োল্লাস’ কবিতা অনুসরণে আলোচনা করো।

৩

১.৯ ‘অপূর্ব কহিল, বেলা হয়ে গেল, আমি এখন তবে চললুম কাকাবাবু।’

— বেলা কীভাবে গড়িয়ে গেল?

৩

১.১০ ‘কৈ এ ঘটনা তো আমাকে বলেন নি?’

— বক্তা কাকে একথা বলেছেন? কোন্ ঘটনার কথা বক্তা আগে শোনে ননি?

১ + ২

#### ২. ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : (প্রতিটির মান - ১)

ভোজ্যবস্তু, পোশাক-পরিচ্ছদ, সন্ধ্যাহ্নিক, সৃজন-বেদন, প্রলয়োল্লাস, রথঘর্ষর, জয়ধ্বনি, সিংহদ্বার, শিশু-চাঁদ, প্রলয়-নেশা।

#### ৩. কমবেশি ১৫০ শব্দে প্রতিবেদন রচনা করো :

লর্ডসে বৃন্দশ্বাস জয় ভারতীয় ক্রিকেট-দলের।

৫

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।